আমঝুপিতে কমিউনিটি এডুকেশন

ওয়াচ ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

‘ ‘সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ ও
বাল্যবিবাহ রোধে ইয়ুথ ফোরাম নানা ভাবে কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করছে”।

তার ধারাবাহিকতায় আজ রবিবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে ইয়ুথ ফোরাম এর দায়-দায়িত্ব বিষয়ক প্লানিং ও ওরিয়েন্টেশন সভার আয়োজন করা হয় ।

গনসাক্ষরতা অভিযানের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসূচী বাস্তবায়ন করছে।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের নির্বাহী প্রধান আশাদুজজ্জামান সেলিমের সভাপতিত্বে মেহেরপুর জেলার সার্বিক শিক্ষার সুযোগ, শিক্ষার বাস্তবতা, ঝরেপড়া রোধ, শিশুদের বিদ্যালয়ে আনন্দঘন পরিবেশে পাঠদান, বিদ্যালয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিত করতে এবং বাল্যবিবাহ রোধে ইয়ুথদের ভূমিকা বিষয়ে আলোচনা করা হয়।

এসময় মানব উন্নয়ন কেন্দ্র মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা, প্রকল্পের সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য, গণমাধ্যমকর্মী সহ মেহেরপুর সদর উপজেলার আমদহ, আমঝুপি ও বারাদী ইউনিয়নের যুব প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন

ওয়াচ গ্রুপের মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মানব উন্নয়ন কেন্দ্র (মউক) হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের উদ্যোগে এক মতবিনিময় সভা সংস্থার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো মাহফুজুল হোসেন। শিক্ষা ও বাজেটের উপর প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো আনোয়ার হোসেন।

স্বাগত বক্তব্য রাখেন মউকএর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম। এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্যে রাখেন ইউপি সদস্য হাফিজুর রহমান, ইউপিএম শিরিন আকতার ইমাম ওজিউর রহমান প্রমুখ।

মেহেরপুর জেলার বিভিন্ন পেশার ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা পরিচালনা করেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের ডিপিএম সাদ আহাম্মদ।